



ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড  
DHAKA POWER DISTRIBUTION COMPANY LIMITED  
(An Enterprise of the Government of the People's Republic of Bangladesh)  
Web-site: www.dpdc.org.bd

দপ্তর  
নির্বাহী পরিচালক (অপারেশন)  
বিদ্যুৎ ভবন (৩য় তলা)  
১ নং আব্দুল গনি রোড, ঢাকা-১০০০।  
ফোনঃ ৯৫৬৩৪০৭  
E-mail: edo@dpdc.org.bd

স্মারক নং-৮৭.২০১.৪২৪.০০.০০.০০৬.২০১৯-৩৪৩/১

তারিখ: ১৫/০৬/২০২১ ইং।

বিষয়ঃ ২০২০-২০২১ অর্থবছরে ডিপিডিসি'র বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)'র লক্ষ্যমাত্রার বিপরীতে ১১ মাসের  
(জুলাই/২০২০- মে ২০২১) অর্জন এবং পরবর্তী করণীয় সম্পর্কে পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি জনাব আবদুর রউফ খান, নির্বাহী পরিচালক (অপারেশন), ডিপিডিসি।  
সভার তারিখ ১৪/০৬/২০২১ খ্রি.  
সভার সময় ১০.০০ টা  
স্থান নির্বাহী পরিচালক (অপারেশন), ডিপিডিসি এর দপ্তর কক্ষ  
উপস্থিতি নির্বাহী পরিচালক (প্রকৌশল), প্রধান প্রকৌশলী (উন্নয়ন) এবং এপিএ কমিটির সদস্যগণ উপস্থিত ছিলেন।

আলোচ্যসূচি:

- ১) ২০২০-২০২১ অর্থবছরে এপিএ'র লক্ষ্যমাত্রার বিপরীতে ১১ মাসের (জুলাই/২০২০- মে ২০২১) অর্জন পর্যালোচনা এবং
- ২) লক্ষ্যমাত্রা অর্জনে করণীয়সমূহ।

১.০ আলোচনা:

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভার আলোচ্যসূচি অনুযায়ী অগ্রসর হওয়ার জন্য এপিএ টিমের সদস্য সচিবকে নির্দেশনা প্রদান করেন। তাঁর অনুমোদনক্রমে সভায় ১ নং আলোচ্যসূচি উপস্থাপন করা হয়।

আলোচ্যসূচি: ১

সভাপতি বিগত ১১ মাসে লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন উপস্থাপনের জন্য এপিএ টিমের সদস্য সচিবকে নির্দেশ দেন। সভায় ডিপিডিসি'র ২০২০-২১ অর্থবছরের এপিএ'র লক্ষ্যমাত্রা ও বিগত ১১ মাসের অর্জনের তুলনামূলক বিবরণ উপস্থাপন করা হয়।

২০২০-২১ অর্থবছরের এপিএ লক্ষ্যমাত্রা (কৌশলগত) এবং ১১ মাসে অর্জন

কর্মসম্পাদন সূচক	একক	গণনা পদ্ধতি	সূচকের মান	লক্ষ্যমাত্রা		লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জন
				লক্ষ্যমাত্রা	অর্জন	
[১.১.১] বিতরণ লাইন	কি.মি.	সমষ্টি	৬	লক্ষ্যমাত্রা ৬০.০০	৯২.৩২	অর্জিত হয়েছে
[১.২.১] উপকেন্দ্রের ক্ষমতা	এমভি এ	সমষ্টি	৫	লক্ষ্যমাত্রা ৭২০	৭৪৯	অর্জিত হয়েছে
[১.৩.১] ওভার লোডেড ট্রান্সফরমার	%	ক্রমপঞ্জিভূত	২	লক্ষ্যমাত্রা ০.২০	০.১৪৬	সন্তোষজনক
[১.৩.২] ১১ কেভি ফিডার অটোমেশন	%	ক্রমপঞ্জিভূত	২	লক্ষ্যমাত্রা ১০০	১০০	লক্ষ্যমাত্রার একক সংশোধন করতে হবে
[১.৩.৩] SAIDI	মিনিট	সমষ্টি	১	লক্ষ্যমাত্রা ৩৬৫	২১৮.৭২ ১	সন্তোষজনক
[১.৩.৪] SAIFI	বার/ সংখ্যা	সমষ্টি	১	লক্ষ্যমাত্রা ২০	১৮.২১	সন্তোষজনক
[১.৪.১] বিলিং পয়েন্টে পাওয়ার ফ্যাক্টর	%	ক্রমপঞ্জিভূত	৫	লক্ষ্যমাত্রা ৯০	৯১	সন্তোষজনক
[১.৫.১] এডিপি বাস্তবায়ন (আর্থিক)	%	সমষ্টি	২	লক্ষ্যমাত্রা ১০০	৬৩.৪৬	অর্জিত হয় নি
[১.৬.১] ৩৩ কেভি লাইনের জি আই এস ম্যাপিং	%	সমষ্টি	২	লক্ষ্যমাত্রা ১০০	১০০	অর্জিত হয়েছে
[১.৬.২] ১১ কেভি লাইনের জি আই এস ম্যাপিং	%	সমষ্টি	২	লক্ষ্যমাত্রা ১০০	১০০	অর্জিত হয়েছে

